গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা।

নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.১২-৩২৫

তারিখ ঃ ০৬ অক্টোবর,২০১৩
২১ আশ্বিন, ১৪২০

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ জাকির হোসেন (পরিচিতি নম্বর-০০৫১৬৮), নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত পদ [প্রাক্তন প্রকল্প ব্যবস্থাপক, ৩-সেতু নির্মাণ প্রকল্প (তিস্তা সেতু)} ৩-সেতু নির্মাণ প্রকল্পে কর্মকালীন সময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের বিধি নিষেধ উপেক্ষা করে নিজ মর্জি মাফিক অননুমোদিতভাবে ঢাকা অবস্থানের কারণে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

এবং

যেহেতু, তদপ্রেক্ষিতে একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তাঁর বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। অভিযোগনামা প্রাপ্তির পর অভিযোগনামা ও অভিযোগবিবরণীর আলোকে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করেন;

এবং

যেহেতু, তাঁর ও সাক্ষীগণের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তদপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক, ৩-সেতু নির্মাণ প্রকল্প ও উপ প্রকল্প পরিচালক, ৩-সেতু নির্মাণ প্রকল্পের সাক্ষ্য গ্রহণ করা হয়;

এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীকালে তাঁর বক্তব্য, সাক্ষীগণের সাক্ষ্য এবং তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণের সাক্ষ্য হতে উত্থাপিত অভিযোগ সম্পর্কে পরস্পর বিরোধী অভিমত পাওয়া যায় এবং একজনের বক্তব্য অপরজনের বক্তব্যকে অধিকাংশ ক্ষেত্রে সমর্থন করেনা;

এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ জাকির হোসেন (পরিচিতি নম্বর-০০৫১৬৮), নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত পদ [প্রাক্তন প্রকল্প ব্যবস্থাপক (নিঃ প্রঃ), ৩-সেতু নির্মাণ প্রকল্প (তিস্তা সেতু), সড়ক গবেষণাগার, মিরপুর}, ঢাকাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) বিধি অনুযায়ী তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল। একই সাথে ভবিষ্যতের জন্য তাঁকে সতর্ক করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৬.১০.২০১৩

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব